

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৭৮

٩. यन गलाता সूमिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি দুই হাত উঠিয়ে দু'আ করে, নিশ্চয়ই মহান আল্লাহ তা কবূল করেন, যদি না সে কোন পাপের দু'আ করে অথবা দু'আ কবূলের ব্যাপারে তাড়াহুড়া করে দু'আ করা ছেড়ে দেয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا إِنَّمَا يَسْتَجِيبُ دُعَاءَ مَنْ رَفَعَ إِلَيْهِ يَدَيْهِ إِذَا لَم يدعو بِمَعْصِيَةٍ أَقْ يَسْتَعْجِل الْإِجَابَةَ فَيَتْرُكُ الدُّعَاءَ

আরবী

878 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى الله عليه وسلم قَالَ: (لَا يَزَالُ يُستجابِ لِلْعَبْدِ مَا لَمْ يَدْعُ بِإِنْمٍ أَوْ قَطِيعَةِ رَحِمٍ مَا لَمْ يستعجل) قيل: يارسول الله كيف يستعجل؟ قال: ([يقول: يارب! قد دعوت و] قد دعوت فلم يُستجب لي فَيَتَحَسَّرُ عند ذلك فيترك الدعاء) الراوي: أَبُو هُرَيْرَةَ اللمحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 878 ا خلاصة حكم المحدث:. صحيح -

বাংলা

৮৭৮. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "বান্দার দু'আ সবসময় কবৃল করা হয়, যতক্ষন না সে কোন পাপ অথবা রক্ত সম্পর্ক ছিন্ন করার জন্য দুআ করে (আর) যতক্ষন না (দু'আর ফল প্রাপ্তিতে) তাড়াহুড়া করে।" তাঁকে বলা হলো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কিভাবে তাড়াহুড়া করে?" জবাবে বলেন, "সে বলে, হে আমার প্রতিপালক, আমি তো দু'আ করলাম। আমি কতো দু'আ করলাম কিন্তু আমার দু'আ তো কবৃল করা হলো না, অতঃপর সে সংকুচিত হয়ে যায় অতঃপর দু'আ করা হেড়ে দেয়।"[1]

ফুটনোট



[1] সহীহ মুসলিম: ২৭৩৫; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৬৫৫; সুনান বাইহাকী: ৩/৩৫৩; বাগাবী, শারহুস সুনাহ: ১৩৯০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তানুযায়ী শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন